**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 23-01-2026** **Time: 1.40 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) মহান বিপ্লবী নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী আজ দেশজুড়ে পরাক্রম দিবস হিসাবে পালিত হচ্ছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষে উপরাষ্ট্রপতি ও রাজ্যপাল কলকাতায় ভিক্টোরিয়া মেমোরিয়ালে এক অনুষ্ঠানে যোগ দেবেন।

২) এস আই আর শুনানিতে অশান্তির ঘটনায় ফারাক্কার বিধায়কের বিরুদ্ধে এখনও এফ আই আর দায়ের না হওয়ায় প্রশ্ন তুলেছে বিজেপি ।

৩) বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে আপ ও ডাউন কর্ড লাইনের সেতুর গার্ডার বদলের কাজের জন্য আগামীকাল রাত ১০টা থেকে রবিবার রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে।

৪) সরস্বতী পুজো আজ । রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পশ্চিমবঙ্গের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী বসন্ত পঞ্চমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে।

ooooooooooooooooooooo

মহান বিপ্লবী নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী আজ পরাক্রম দিবস হিসেবে পালিত হচ্ছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ মূল অনুষ্ঠানটি হবে ময়দানে নেতাজি মূর্তির পাদদেশে। নেতাজির জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল-এ পরাক্রম দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে যোগ দেবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস সহ বিশিষ্টজনেরা। রাজ্য সচিবালয় নবান্নে নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। Elgin রোডে নেতাজি রিসার্চ ব্যুরো, নেতাজির বাসভবনে দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। দিনটি পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, নেতাজির স্বাধীনতার আহ্বান লক্ষ লক্ষ ভারতীয়র মনে সাহস, আত্মবিশ্বাস, ঐক্য এবং জাতীয়তাবাদের চেতনা জাগ্রত করেছিল। আজাদ হিন্দ ফৌজ দেশের স্বাধীনতা আন্দোলনে নির্ণায়ক ভূমিকা পালন করেছিল। এই আন্দোলনকে তিনি বিশ্ব মঞ্চে নিয়ে গিয়েছিলেন।

উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ বলেন, স্বাধীনতা আন্দোলনে নেতাজির নির্ভীক নেতৃত্ব, অদম্য চেতনা এবং অবিচল অঙ্গীকারকে প্রতিফলিত করে। তাঁর সাহস, ত্যাগ এবং জাতীয় ঐক্যের আদর্শকে বজায় রাখতে প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করতে হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন আজকের দিনে দেশবাসী নেতাজির অদম্য সাহস, সংকল্প এবং দেশের প্রতি অবদানকে স্মরণ করছে। তাঁর নির্ভীক নেতৃত্ব একটি শক্তিশালী দেশ গঠনে সকলকে অনুপ্রাণিত করে চলেছে। সামাজিক মাধ্যমে একগুচ্ছ বার্তায় তিনি, দেশজুড়ে সুভাষ চন্দ্র বসুর সম্মানে গৃহীত বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস তাঁর বার্তায় বলেছেন, নেতাজির নিঃস্বার্থ জীবন, কর্ম এবং পরাক্রম সময়ের সীমা, যুগের বিভাজন ও আন্তর্জাতিক সীমারেখাকে অতিক্রম করে সকলকে অনুপ্রাণিত করে চলেছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও নেতাজির জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

বিজেপির তরফে আজ ভবানীপুরে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

বাণফ্রন্টের তরফে ধর্মতলা থেকে মিছিলের আয়োজন করা হয়েছে।

কংগ্রেসের পক্ষ থেকেও নেতাজির জন্মদিনে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

কলকাতার পুরভবনে নেতাজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

oooooooooooooooooooo

নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে কলকাতায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাড়ি থেকে নেতাজি সুভাষচন্দ্র বসুর বসতবাড়ি পর্যন্ত পদযাত্রা করেন। এরপর তিনি নেতাজির মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। তিনি বলেন, দেশের জন্য নেতাজীর স্বপ্ন অনেকটাই অধরা রয়ে গেছে। সেই অধরা স্বপ্ন পূরণ এবং যুব সমাজকে উদ্বুদ্ধ করতে হবে।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

বিডিও অফিসে এসআইআর-এর শুনানি চলাকালীন ভাঙচুরের ঘটনায় ফারাক্কার তৃণমূল কংগ্রেস বিধায়ক মনিরুল ইসলামের বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্বাচন কমিশনের নির্দেশ সত্ত্বেও কেন তা পালন করা হল না, সেই প্রশ্ন তুলেছে বিজেপি। দলের প্রধান মুখপাত্র দেবজিৎ সরকার আকাশবাণীকে জানিয়েছেন, রাজ্যে আইনের শাসন নেই,

তা আরও একবার প্রতিষ্ঠিত হল। এর আগেও কয়েকজন ইআরও এইআরও-র বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ কমিশনের তরফে দেওয়া হলেও তা মানা হয়নি বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – দেবজিৎ)

উল্লেখ্য, মুর্শিদাবাদের ফারাক্কায় এসআইআর-এর শুনানি চলাকালীন বিধায়ক মনিরুল ইসলামের নেতৃত্বে বিডিও অফিসে ব্যাপক ভাঙচুর চলে। আক্রান্ত হন মাইক্রো অবজার্ভারও। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন গতকাল বিকেল পাঁচটার মধ্যে মনিরুলের বিরুদ্ধে এফআইআর করার জন্য জেলাশাসককে নির্দেশ দেয়। এখনও পর্যন্ত কোনো এফআইআর দায়ের করা হয়নি বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও এসআইআর নিয়ে অশান্তি, বিক্ষোভের মধ্যেই গতকাল রাজ্যের জন্য নিযুক্ত ৩৩ জন বিশেষ রোল অবজার্ভারকে নিয়ে বৈঠক করেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল। এসআইআর প্রক্রিয়ায় রোল অবজার্ভারদের ভূমিকা বুঝিয়ে দেওয়াই এই বৈঠকের উদ্দেশ্য ছিল বলে শ্রী আগারওয়াল জানিয়েছেন।

রাজ্যের বিভিন্ন প্রান্তে এসআইআর কেন্দ্রিক হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন এসআইআর-এর নামে পশ্চিমবঙ্গে যা হচ্ছে, তা দেশের অন্য কোনো রাজ্যে হচ্ছে না। তবে সুষ্ঠুভাবে এসআইআর প্রক্রিয়া ছাড়া কোনোভাবেই ভোট করা যাবে না বলে স্পষ্ট জানান শমীক ভট্টাচার্য্য।

০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আগামীকাল রাত ১০টা থেকে রবিবার রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে। বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে আপ ও ডাউন কর্ড লাইনের এক্স-২৫ নম্বর সেতুর গার্ডার বদলের কাজের জন্য ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন সূত্রে জানানো হয়েছে।

বর্তমানে ব্যবহার হওয়া ইস্পাতের সেতুটির গার্ডার দীর্ঘ দিনের পুরনো হয়ে যাওয়ায় যাত্রী-সুরক্ষা এবং নিরাপদে ট্রেন চলাচলের জন্য এই কাজ সম্পন্ন করা হচ্ছে। এই কাজের জন্য প্রায় ১৫টি লোকাল ট্রেন বাতিল করা ছাড়াও বেশ কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া অথবা সংক্ষিপ্ত করা হচ্ছে।

বজবজ-নৈহাটি শাখায় একটি, নৈহাটি-শিয়ালদহ শাখায় চারটি, মধ্যমগ্রাম-মাঝেরহাট শাখায় দু'টি, ক্যানিং-বারাসত পথে একটি, নৈহাটি-মাঝেরহাট শাখায় তিনটি ছাড়াও মাঝেরহাট-হাসনাবাদ, মাঝেরহাট-রানাঘাট শাখায় একটি করে এবং শিয়ালদহ-বজবজ শাখায় দু'টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

এছাড়াও কয়েকটি নৈহাটি-বজবজ লোকাল, কল্যাণী সীমান্ত-বজবজ লোকাল শিয়ালদহ থেকে চালানো হবে। বনগাঁ-ক্যানিং লোকাল বারাসত থেকে চালানো হবে। ব্যারাকপুর-বালিগঞ্জ লোকাল শিয়ালদহ থেকে চলবে। দক্ষিণে বালিগঞ্জ-ঘুটিয়ারি শরিফ লোকাল মাঝেরহাট থেকে চলবে।

এর পাশাপাশি, সরস্বতী পুজোর বিসর্জনের জন্য কাল, শনিবার থেকে আগামী সোমবার, ২৬ জানুয়ারি পর্যন্ত গঙ্গা তীরবর্তী অংশে চক্ররেল চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছে রেল। এর জন্য বেশ কিছু ট্রেনকে ওই সময়ে মাঝেরহাটের পরিবর্তে শিয়ালদহ থেকে চালানো হবে।

oooooooooooooooooooooo

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী রবিবার ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এই সময় সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooo

আজ বসন্ত পঞ্চমী। এই উপলক্ষে পশ্চিমবঙ্গের বিভিন্ন বাড়ি, ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জ্ঞান-বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা ও পুষ্পাঞ্জলী চলেছে। অনেকের বাড়িতে শিশুদের অক্ষর জ্ঞানের হাতেখড়ির প্রস্তুতি নেওয়া হয়েছে। ফল ফুল, পুজোর উপকরণের চড়া দাম সত্ত্বেও ঘাটতি নেই পুজোর আয়োজনে। সরস্বতী পুজো উপলক্ষে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসামের বরাক উপত্যকা, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের বহু অংশের পাশাপাশি দেশ বিদেশে

বাঙ্গালীরা মেতে উঠেছেন। অনেকের বাড়িতে গোটা সিদ্ধ ও রান্না পুজোর আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধা কৃষ্ণাণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বসন্ত পঞ্চমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

সমাজ মাধ্যমে একবার্তায় রাষ্ট্রপতি বলেছেন, আজকের দিনে দেশের মানুষ জ্ঞান ও বিদ্যার দেবী মা সরস্বতীর বন্দনা করেন। উৎসব সমস্ত দেশবাসীর জীবনে সমৃদ্ধি ও আনন্দ নিয়ে আসুক।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেছেন, মা সরস্বতী সকলকে আশীর্বাদ দান করুন। দেশের সমৃদ্ধি ও মানব কল্যাণে প্রত্যেকের জ্ঞান এবং সৃজনশীল ক্ষমতার প্রকাশ প্রার্থনা করেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বসন্ত পঞ্চমী প্রকৃতির সৌন্দর্য ও বিশুদ্ধতাকে তুলে ধরে। জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী মা সরস্বতীর আশীর্বাদ সকলের উপর বর্ষিত হোক।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরস্বতী পুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডির ডিরেক্টর রাহুল নবীন আজ কলকাতার সিজিও কমপ্লেক্সে আসেন। আইপ্যাক কান্ডে, প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশীর সময়ে যে ঘটনা হয়, সেই বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ইডির অফিসারদের সঙ্গে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।উল্লেখ্য, গতকাল শ্রী নবীন কলকাতায় আসেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি যুব মোর্চা রাজ্যে শিক্ষা, স্বাস্থ্য, নিয়োগ দুর্নীতির মত নানা বিষয় তুলে ধরে চাকরী চায় বাংলা নামে একটি কর্মসূচীর সূচনা করেছে। রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের অপসারণের দাবিতে বরখাস্ত পত্র লিখে তা নবান্নে রাজ্য সচিবালয়ে পাঠানো হবে বলে জানা গেছে। তাতে সই করানো হবে অন্তত ১০ লক্ষ যুবক যুবতীকে। রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল এর সূচনা করেন। তিনি বলেন, মুখ্যমন্ত্রী শিক্ষিত বেকার যুব সমাজকে চপ-ঘুগনি বিক্রি করতে বলছেন। এর প্রতিবাদে যুব সমাজই তাকে বরখাস্তের চিঠি ধরাবে।

oooooooooooooooooooooo

দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে। রাজ্য শিশু কিশোর একাডেমী এবং তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই উৎসব চলবে আগামী ২৯ তারিখ পর্যন্ত। নন্দন ১ প্রেক্ষাগৃহে আজ সন্ধ্যে ৬ টায় সত্যজিৎ রায়ের বিখ্যাত ছবি সোনার কেল্লা দিয়ে শুরু হবে এই চলচ্চিত্র উৎসব। সাত দিন ধরে শহরের আটটি প্রেক্ষাগৃহে ৩২ টি দেশের ১৮০ টি সিনেমা দেখানো হবে। যার মধ্যে ছোটদের প্রিয় ফেলুদা সিরিজের বারোটি সিনেমা রয়েছে। থাকবে ছোটদের জন্য সিনেমা নিয়ে কুইজ এবং গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় গুপ্তধনের সন্ধানে শীর্ষক প্রদর্শনী।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo